# বিজনেস স্টাডিজ অনুষদ
# ঢাকা বিশ্ববিদ্যালয়

# ‘গ’ ইউনিট

## ভর্তি-নির্দেশিকা
## বিবিএ প্রোগ্রাম
## শিক্ষাবর্ষ : ২০২০-২০২১

| | |
|---|---|
| পরীক্ষার তারিখ | ২৭ মে ২০২১ |
| প্রবেশপত্র ডাউনলোড | ১ মে ২০২১ - ২৭ মে ২০২১<br>সকাল ১০:৩০ মিনিট পর্যন্ত |
| পরীক্ষার সময় | সকাল ১১:০০ টা - দুপুর ১২:৩০ মিনিট |
| পরীক্ষার সময়কাল | ১ ঘণ্টা ৩০ মিনিট |
| পরীক্ষা কেন্দ্রে প্রবেশ | সকাল ১০:৩০ মিনিট |

০৭.০৬.২০২১
ডিন (ভারপ্রাপ্ত)
বিজনেস স্টাডিজ অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়

ভর্তির যোগ্যতা ও প্রাথমিক আবেদনপত্র

১। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ব্যবসায় শিক্ষা/'এ' লেভেল/ বিজনেস ম্যানেজমেন্ট-এ উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

২। ২০২০ সনের উচ্চ মাধ্যমিক বা তার সমতুল্য পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে, শুধু তারাই আবেদন করতে পারবে।

৩। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য ব্যবসায় শিক্ষায় উচ্চ মাধ্যমিক এবং বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৮.০০ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.৫) আছে কেবল তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজনেস ম্যানেজমেন্ট গ্রুপ থেকে আগত প্রার্থীদের একাউন্টিং বিষয়টি অবশ্যই থাকতে হবে এবং উক্ত বিষয়ে অন্তত B গ্রেড (গ্রেড পয়েন্ট ৩.৫) থাকতে হবে।

৪। জি.সি.ই. 'ও' লেভেলে অন্তত ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। যাদের 'A' লেভেলে Business Studies/ Accounting/ Economics/ Mathematics-এর মধ্যে যে কোন একটি বিষয় ছিল, কেবল তারাই আবেদন করতে পারবে। তবে তাদেরকে 'ও' লেভেল এবং 'এ' লেভেল-এর ৭টি বিষয়ের মধ্যে ১টি বিষয়ে A গ্রেড, ৪টি বিষয়ে কমপক্ষে B গ্রেড, ২টি বিষয়ে কমপক্ষে C গ্রেড থাকতে হবে। তবে 'ও' এবং 'এ' লেভেলে যথাক্রমে আলাদাভাবে ৩.৫ থাকতে হবে। পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের পয়েন্ট হবে নিম্নরূপ: A=5.0 B=4.0 C=3.50।

৫। সমতা নিরূপণ

'ও' লেভেল/'এ' লেভেল/সমমান বিদেশী পাঠ্যক্রমে বা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপণের জন্য https://admission.eis.du.ac.bd ওয়েব সাইটে গিয়ে "সমমান আবেদন" বা "Equivalence Application" মেনুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপণের পর প্রাপ্ত "Equivalence ID" ব্যবহার করে সাধারণ শিক্ষার্থীদের মত তারাও একই ওয়েবসাইটে লগ ইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

৬। আবেদনকারীকে ০৮/০৩/২০২১ তারিখ বিকাল ৪:০০ টা হতে ৩১/০৩/২০২১ তারিখের মধ্যে DU Admission Website (https://admission.eis.du.ac.bd)-এ অনলাইনে আবেদন করতে হবে। ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিকের তথ্য বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর, পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র নম্বর (ঐচ্ছিক), শিক্ষার্থী যে বিভাগীয় শহরের কেন্দ্রে পরীক্ষা দিতে আগ্রহী, কোটা এবং স্ক্যান করা একটি ছবির প্রয়োজন পড়বে। ভর্তির আবেদন ফি তাৎক্ষণিক অনলাইনে বা ৪টি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী) যে কোন শাখায় নির্ধারিত সময়সীমার মধ্যে জমা প্রদান করা যাবে। আবেদন ও ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য উক্ত ওয়েব সাইটে পাওয়া যাবে। ব্যাংকে টাকা জমা দেয়া না হলে আবেদনকারী সংশ্লিষ্ট ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৭। ভর্তি পরীক্ষা ২৭ মে ২০২১ তারিখ (রোজ বৃহস্পতিবার) সকাল ১১:০০ টায় অনুষ্ঠিত হবে।

৮। ভর্তি পরীক্ষায় প্রার্থীদের পরীক্ষার স্থান Website https://admission.eis.du.ac.bd ও অন্যান্য মাধ্যমে জানানো হবে।

৯। পরীক্ষা MCQ (Multiple Choice Question) ও লিখিত উভয় পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। MCQ পরীক্ষা ৪৫ মিনিট এবং লিখিত পরীক্ষা ৪৫ মিনিটের হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের নির্দেশাবলি অংশে বর্ণিত থাকবে।

১০। ভর্তি পরীক্ষায় (MCQ ও লিখিত) প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত GPA-এর ভিত্তিতে মেধাস্কোর নির্ধারিত হবে।

১১। মোট ১২০ নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে। MCQ ও লিখিত পরীক্ষা মিলে ১০০ নম্বর নির্ধারিত থাকবে এবং অবশিষ্ট ২০ নম্বর মাধ্যমিক পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ ২ দিয়ে এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ ২ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ১২০ নম্বরের উপর শিক্ষার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে।

| | | |
|---|---|---|
| HSC ও SSC/O Level ও A Level | = | ২০ |
| MCQ | = | ৬০ |
| লিখিত পরীক্ষা | = | ৪০ |
| মোট নম্বর | = | ১২০ |

১২। MCQ অংশে প্রতি চারটি ভুল উত্তর প্রদানের জন্য একটি শুদ্ধ উত্তরের নম্বর কর্তন করা হবে। অর্থাৎ প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে।

০৭.০৩.২০২১

ডিন (ভারপ্রাপ্ত)
বিজনেস স্টাডিজ অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়

১৩। পরীক্ষার উদ্দেশ্য হবে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অর্জিত জ্ঞান যাচাই করা। উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠ্যক্রমের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে। ভর্তি পরীক্ষার নম্বর বণ্টন হবে নিম্নরূপ:

- ব্যবসায় শিক্ষা

| (ক) MCQ অংশ | নম্বর |
|---|---|
| বাংলা (আবশ্যিক) | (১২×১) = ১২ |
| ইংরেজি (আবশ্যিক) | (১২×১) = ১২ |
| হিসাববিজ্ঞান (আবশ্যিক) | (১২×১) = ১২ |
| ব্যবসায় নীতি ও প্রয়োগ (আবশ্যিক) | (১২×১) = ১২ |
| মার্কেটিং/ফিন্যান্স এন্ড ব্যাংকিং (যে কোন ১টি) | (১২×১) = ১২ |
| | মোট নম্বর = ৬০ |

| (খ) লিখিত অংশ | নম্বর |
|---|---|
| বাংলা থেকে ইংরেজি অনুবাদ | (৫×১) = ০৫ |
| ইংরেজি থেকে বাংলা অনুবাদ | (৫×১) = ০৫ |
| বিষয় ভিত্তিক সংক্ষিপ্ত প্রকাশ (ইংরেজি) | (৫×১) = ০৫ |
| Précis writing | (১×৫) = ০৫ |
| সংক্ষিপ্ত রচনা (বাংলা) | (১×৫) = ০৫ |
| ৫ টি আবশ্যিক বিষয় থেকে সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর | (৫×৩) = ১৫ |
| | মোট নম্বর = ৪০ |

- **A Level**

| (a) MCQ Section | Marks |
|---|---|
| English (Compulsory) | 16 |
| Advanced English (Compulsory) | 12 |
| Business Studies* | 16 |
| Accounting* | 16 |
| Economics* | 16 |
| | Total = 60 |

*Business Studies, Accounting ও Economics এই তিনটি বিষয় থেকে যে কোন দু'টি বিষয়ের উত্তর প্রদান করবে।

| (b) Written Section | Marks |
|---|---|
| Essay writing | (1×5) = 05 |
| Précis writing | (1×5) = 05 |
| Letter writing | (1×5) = 05 |
| Definition of concepts | (5×1) = 05 |
| Short questions from compulsory subjects | (5×4) = 20 |
| | Total = 40 |

মেধাতালিকা প্রকাশ ও করণীয়

১৪। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ১,২৫০ জন প্রার্থীকে ভর্তির জন্য বিবেচনা করা হবে। তবে MCQ অংশে ইংরেজিতে ন্যূনতম ০৫ এবং সর্বমোট ২৪ নম্বর পেতে হবে। এছাড়া লিখিত অংশের ন্যূনতম গ্রহণযোগ্য নম্বর ১১। তবে MCQ এবং লিখিত উভয় অংশ মিলে ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। ভর্তির উপরোক্ত শর্তসমূহ কোটাসহ সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে। MCQ পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে মেধাক্রমানুসারে আসন সংখ্যার নূন্যতম ৩ গুণ প্রার্থীদের লিখিত উত্তরপত্র মূল্যায়ণ করা হবে।

ভর্তির জন্য নির্বাচিত মোট ১,২৫০ জনকে মেধাক্রম অনুসারে নিম্নলিখিত ৯টি বিভাগে ভর্তির জন্য বিবেচনা করা হবে:

| | |
|---|---|
| ম্যানেজমেন্ট | ১৮০ |
| একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম্স | ১৮০ |
| মার্কেটিং | ১৮০ |
| ফিন্যান্স | ১৮০ |
| ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স | ১৫০ |
| ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম্স | ১১৫ |

০৭.০৬.২০২২
ডিন (ভারপ্রাপ্ত)
বিজনেস স্টাডিজ অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়

| | |
|---|---|
| ট্যুরিজম এন্ড হস্‌পিটালিটি ম্যানেজমেন্ট | ১১৫ |
| ইন্টারন্যাশনাল বিজনেস | ১১৫ |
| অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ | ০৩৫ |
| সর্বমোট = | ১,২৫০ |

১৫। ব্যবসায় শিক্ষা শাখার যে সকল শিক্ষার্থী আইন, কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের সংশ্লিষ্ট বিভাগসমূহে ভর্তি হতে ইচ্ছুক, তাদেরকে 'ঘ' ইউনিট-এর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য 'ঘ' ইউনিটের নির্দেশিকায় পাওয়া যাবে।

১৬। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যারা কোটা সুবিধা পেতে চান তাদেরকে 'গ' ইউনিটের সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশের ৭ দিনের মধ্যে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অফিস থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র প্রদর্শনপূর্বক নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে উক্ত সময়সীমার মধ্যে অফিস চলাকালীন বিজনেস স্টাডিজ অনুষদের অফিসে জমা দিতে হবে।

বিশেষ দ্রষ্টব্য

১। ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ফরমের সাথে প্রয়োজনীয় সনদপত্র যথা- মার্কসীট/সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ছাড়াও অন্যান্য যে সব কাগজ জমা দিতে হবে সেগুলো হচ্ছে:

(ক) প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সে প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র।

(খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।

(গ) মাধ্যমিক শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং ৫ কপি পাসপোর্ট সাইজ ছবি।

২। অনলাইন ভর্তি ফরম পূরণের সময় কোটা-সংক্রান্ত যাবতীয় তথ্য দিতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন নতুন অর্ন্তভুক্তি গ্রহণ করা হবে না।

৩। পরীক্ষার হলে ক্যালকুলেটর, মোবাইল ফোন বা তদ্রূপ যে কোন ডিভাইস সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।

৪। পরীক্ষার দিন থেকে ২০ কার্য দিবসের মধ্যে ফলাফল প্রকাশ করা হবে।

০৭.০৮.২০২১

ডিন (ভারপ্রাপ্ত)
বিজনেস স্টাডিজ অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়